

এপিডিইউর ভাইস চেয়ারম্যান হলেন বিএনপি মহাসচিব

বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে আন্তর্জাতিক সংস্থা এশিয়া প্যাসিফিক ডেমোক্রেটিক ইউনিয়নের (এপিডিইউ) একমাত্র স্থায়ী সদস্য হয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। এপিডিইউর ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (১৫ মার্চ) এপিডিইউর পক্ষ থেকে এক চিঠি দিয়ে মির্জা ফখরুলকে বিষয়টি জানানো হয়।

চিঠিতে উল্লেখ করা হয়, শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে এশিয়া প্যাসিফিক ডেমোক্রেটিক ইউনিয়ন আয়োজিত দুদিনব্যাপী এক সম্মেলনে ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন মির্জা ফখরুল।

ইউনিয়নের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন- শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী রানিল বিক্রমসিংহ, ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিউজিল্যান্ডের রাজনৈতিক পিটার গুডফেলো এবং ভাইস চেয়ারম্যান হিসেবে কানাডার তেনজিন খাঙসার, মালদ্বীপের হাসান লাতিফ ও বাংলাদেশের মির্জা ফখরুল ইসলাম আলমগীর নির্বাচিত হন। এছাড়া সংস্থার ট্রেজারার হিসেবে অস্ট্রেলিয়ার টিনা ম্যাককুইন ও নির্বাহী সেক্রেটারি রুস অ্যাডওয়ার্ডস নির্বাচিত হয়েছেন।

বিষয়টি নিয়ে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, এপিডিইউর নির্বাহী সেক্রেটারি অস্ট্রেলিয়ার রুস অ্যাডওয়ার্ডস শুক্রবার এক চিঠিতে এশিয়া প্যাসিফিক ডেমোক্রেট ইউনিয়নের সদস্যদেরকে নতুন এ সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করেন। তার চিঠিতে উল্লেখ করা হয়, বিএনপি সহযোগী থেকে পূর্ণ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছে।

এ ব্যাপারে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল গণমাধ্যমকে বলেন, বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে বিএনপি এই আন্তর্জাতিক সংস্থার একমাত্র পূর্ণাঙ্গ সদস্য পদ লাভ করেছে। ভারতের বিজেপিও এই সংস্থার সদস্য পদ পেয়েছে।

এশিয়া প্যাসিফিক ডেমোক্রেটিক ইউনিয়ন একটি আন্তর্জাতিক সংস্থা বলে জানিয়ে বিএনপির এ নেতা বলেন, যেখানে বিভিন্ন দেশের রাজনৈতিক দলগুলো সংস্থার সদস্য পদের জন্য আবেদন করে থাকে। গণতান্ত্রিক রাজনৈতিক দলগুলোর প্রতিষ্ঠান এটি। এ সংস্থার মূল উদ্দেশ্য হল- বিভিন্ন দেশে গণতন্ত্রের চর্চা ও বিকাশ নিয়ে কাজ করা। আমরা প্রায় ৯ বছর আগে আবেদন করেছিলাম। তিনি বলেন, বিএনপি এ সংগঠনের সহযোগী সদস্য হিসেবে কাজ করেছে। কলম্বোতে শেষ কনফারেন্সে বিএনপি সংস্থাটির স্থায়ী সদস্য নির্বাচিত হয়েছে। দলের মহাসচিব হিসেবে আমি ভাইস চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছি।